গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
<u>শিল্প ও শক্তি বিভাগ</u>

বিষয়ঃ ০৪/০১/২০১৬ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন পাওয়ার গ্রীড কোম্পানি অব বাংলাদেশ (পিজিসিবি) কর্তৃক প্রস্তাবিত "পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র জাতীয় গ্রীডে সংযুক্তির লক্ষ্যে ফিজিবিলিটি স্টাডি"-শীর্ষক সমীক্ষা প্রকল্পের ওপর <u>অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার কার্যবিবরণী।</u>

পরিকল্পনা কমিশনের ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি) আহমদ হোসেন খান এর সভাপতিত্বে গত ০৪/০১/২০১৬ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন পাওয়ার গ্রীড কোম্পানি অব বাংলাদেশ (পিজিসিবি) কর্তৃক প্রস্তাবিত "পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র জাতীয় গ্রীডে সংযুক্তির লক্ষ্যে ফিজিবিলিটি স্টাডি"-শীর্ষক সমীক্ষা প্রকল্পের ওপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট-"ক" তে সন্নিবেশিত।

**<u>প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি নিম্নরূপঃ</u>**

**(ক) প্রকল্পের নামঃ** পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র জাতীয় গ্রীডে সংযুক্তির লক্ষ্যে ফিজিবিলিটি স্টাডি"-শীর্ষক সমীক্ষা।

**(খ) উদ্যোগী মন্ত্রণালয়/ বাস্তবায়নকারী সংস্থাঃ**

(i) **মন্ত্রণালয়/বিভাগ** : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/ বিদ্যুৎ বিভাগ ।

(ii) **বাস্তবায়নকারী সংস্থা**: পাওয়ার গ্রীড কোম্পানি অব বাংলাদেশ (পিজিসিবি)।

**(গ) প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ**

(লক্ষ টাকায়)

| জিওবি | সংস্থার নিজস্ব | প্রকল্প সাহায্য | মোট |
|---|---|---|---|
| ৯৪৬.১৬ | ৭৮.৬৪ | ০.০০ | ১০২৪.৮০ |

**(ঘ) প্রকল্পের বাস্তবায়নকালঃ** অক্টোবর, ২০১৫ হতে সেপ্টেম্বর, ২০১৬ পর্যন্ত (প্রস্তাবিত)।

(ঙ) **প্রকল্প এলাকাঃ** সমগ্র বাংলাদেশ।

(চ) **প্রকল্পের উদ্দেশ্যঃ**

প্রকল্পটির উদ্দেশ্য নিম্নরূপঃ

- রূপপুরে নির্মিতব্য ২ × ১২৫৫ মেঃওঃ পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র হতে উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সংযোজনের জন্য সঞ্চালন লাইন ও বিদ্যুৎ কেন্দ্রের উপকেন্দ্র নির্মাণের লক্ষ্যে প্রয়োজনীয় স্পেসিফিকেশন ও ডিজাইন নির্ধারণ করা।
- পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র হতে উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সংযোজনের লক্ষ্যে গ্রীড সিস্টেম পরীক্ষা ও উন্নয়নে প্রয়োজনীয় Study সম্পাদন করা।

**(ছ)২০১৫-১৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ:** ২০১৫-১৬ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভুক্ত না থাকায় প্রকল্পটি প্রক্রিয়াকরণের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদন নেয়া হয়েছে।

৩.৪ সভায় আসবাবপত্র (কোড নং ৬৮২১) বাবদ ১০.২০ লক্ষ টাকা এবং অন্যান্য খরচ (কোড নং-৬৮৫১) বাবদ ১৫.৪০ লক্ষ টাকা ব্যয়ের বিভাজনসহ এ ক্ষেত্রে প্রাক্কলিত ব্যয় যৌক্তিকভাবে হ্রাস করার প্রস্তাব করা হলে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, Consultant এর কাজের সুবিধার জন্য দুটি অফিস (মেইন অফিস এবং সাইট অফিস) ধরা হয়েছে। এ ব্যয় দুটি অফিস Decoration সহ Consultant এর জন্য প্রয়োজনীয় আসবাবপত্র সংগ্রহ বাবদ ধার্যকৃত। কোড ওয়াইজ প্রাক্কলিত ব্যয়ের বাহিরে যদি অতিরিক্ত খরচের প্রয়োজন পড়ে তার জন্য অন্যান্য কোডঃ ৬৮৫১ তে কিছু টাকা ধরা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনার পর ঐকমত্য হয় যে, যেহেতু ইতোমধ্যে EOI আহ্বান করে RFP প্রস্তাব পাওয়া গেছে সে মোতাবেক পরামর্শক সেবার জন্য ব্যয় প্রাক্কলন নির্ধারণ করা সমীচীন হবে এবং অন্যান্য খাতে তথা ৬৮৫১ কোডের প্রস্তাবিত ব্যয় বাদ দেয়া যেতে পারে।

৩.৫ সভায় উল্লেখ করা হয় যে, ২৪ জনমাস পরামর্শক সেবা বাবদ ৪৬১.৭৭ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে অর্থাৎ গড়ে প্রতিমাসে ১৯.২৪ লক্ষ টাকা। এ ব্যয় প্রাক্কলনের ভিত্তি এবং প্রকল্পের পরমর্শক নিয়োগের ক্ষেত্রে প্রকিউরমেন্টের কোন পদ্ধতি (QCBS/QBS) অনুসরণ করা হবে সে প্রসংগে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, ইতিপূর্বে সমাপ্ত কারিগরী সহায়তা প্রকল্প "Feasibility Study For The Transmission System Improvement, Western Zone" হতে পরামর্শকদের Man Month রেট নিয়ে ব্যয় প্রাক্কলন করা হয়েছে। শুধুমাত্র Power System Analyst ও Nuclear Power Station Expert এর জন্য কিছু বেশি অর্থের সংস্থান রাখা হয়েছে। পরামর্শক নিয়োগের ক্ষেত্রে ইতোমধ্যে রাশিয়ান ফেডারেশন কর্তৃক প্রস্তাবিত সিলেক্টেড Short Listed পরামর্শকদের মধ্য হতে Limited Bidding **Tender process** এর মাধ্যমে প্রাপ্ত **Bidder** দের প্রস্তাব হতে **TEC** কর্তৃক QCBS পদ্ধতি অনুসারে পরামর্শক নির্বাচন করা হয়েছে মর্মে উল্লেখ করলে তা পুনর্গঠিত প্রকল্প ছকে সুনির্দিষ্টভাবে উল্লেখ করার জন্য সভায় মত প্রকাশ করা হয়।

৩.৬ সভায় প্রকল্প ছকের ১৬নং পৃষ্ঠায় বর্ণিত ক্রয় পরিকল্পনায় (Goods + Service) উল্লিখিত তারিখসমূহের বিষয়ে বিদ্যুৎ বিভাগের মতামত জানতে চাওয়া হলে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, প্রকল্পটি অত্যন্ত জরুরি এবং প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়সীমার মধ্যে সম্পন্ন করতে হবে। এছাড়া পরামর্শকের কাজের সময়সীমা সীমিত বলে ১৬নং পৃষ্ঠায় বর্ণিত ক্রয় পরিকল্পনায় (Goods + Service) উল্লিখিত তারিখসমূহ নির্ধারণ করা হয়েছে। চুক্তি স্বাক্ষর পূর্ব সংশ্লিষ্ট সকল কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। চুক্তি স্বাক্ষরের তারিখসমূহ নতুন করে নির্ধারণ করে পূনর্গঠিত প্রকল্প ছকে প্রতিফলন করার বিষয়ে সভায় ঐকমত্য প্রতিষ্ঠিত হয়।

৩.৭ সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্প ছকের ২ ও ৩ নং পৃষ্ঠায় MDG এবং PRSP এর বিষয়ে উল্লেখ করা হয়েছে। জিইডি'র প্রতিনিধি এর পরিবর্তে ৭ম পঞ্চ-বার্ষিক পরিকল্পনার বিদ্যুৎ সেক্টরের মধ্যে পিজিসিবি'র লক্ষ্যমাত্রা উল্লেখ করা যেতে পারে মর্মে মতামত প্রদান করেন। এ প্রেক্ষিতে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, MDG এবং PRSP এর তথ্যাদির পরিবর্তে ৭ম পঞ্চ বার্ষিক পরিল্পনার বিদ্যুৎ সেক্টরের মধ্যে পিজিসিবি'র লক্ষ্যমাত্রা পুনর্গঠিত Study Proposal এ উল্লেখ করা হবে।

৩.৮ পরিকল্পনা কমিশনের পক্ষ থেকে প্রস্তাবিত প্রকল্পের মেয়াদকালের বিষয়ে জানতে চাইলে পিজিসিবির পক্ষ থেকে জানানো হয় যে, পরামর্শকদের কাজের জন্য প্রায় এক বছর সময় লাগবে। সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্পের মেয়াদকাল বাস্তবতার আলোকে অক্টোবর ২০১৫ থেকে ডিসেম্বর ২০১৬ নির্ধারণ করার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়। কার্যক্রম বিভাগের প্রতিনিধি প্রকল্পের নামে বাংলা ও ইংরেজীর মিশ্রণ পরিহারের নিমিত্ত প্রকল্পের নাম **"পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র জাতীয় গ্রীডে সংযুক্তির লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষা"** করা সমীচীন হবে মর্মে প্রস্তাব করলে সভায় তা গৃহীত হয়।

৪। **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ প্রতিপালন সাপেক্ষে "পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র জাতীয় গ্রীডে সংযুক্তির লক্ষ্যে ফিজিবিলিটি স্টাডি"-শীর্ষক প্রকল্পটি অনুমোদনের সুপারিশ করা হয়ঃ

৪.১ প্রকল্প ছকের ২নং পৃষ্ঠায় রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রতিটি ইউনিটের উৎপাদন ক্ষমতা দু'রকম উল্লেখ করা হয়েছে তা সংশোধন করতে হবে;

৪.২ প্রস্তাবিত জনবল খাতের ব্যয় হ্রাস করার নিমিত্ত যতটুকু সম্ভব অতিঃদায়িত্ব প্রদানের মাধ্যমে প্রকল্প ছক পুনর্গঠন করতে হবে;

৪.৩ ৪৭০০ কোডের আওতায় Consultant এর Per Diem Allowance বাবদ জিওবি খাতে ২২৮.৬৪ লক্ষ টাকার যে সংস্থান রাখা হয়েছে তা প্রাপ্ত দরপত্রের আলোকে পুনঃনির্ধারণকরতঃ পরামর্শক খাতের ব্যয় প্রাক্কলনের সাথে একীভূত করতে হবে এবং পিজিসিবি খাতে পিজিসিবি'র কর্মকর্তাদের জন্য DA এবং TA বাবদ ১.০০ লক্ষ টাকা ৪৭০০ কোডে পিজিসিবি'র খাতে রাখতে হবে;

৪.৪ অন্যান্য খরচ বাবদ ১৫.৪০ লক্ষ টাকা প্রকল্প হতে বাদ দিতে হবে;

৪.৫ প্রকল্পের আওতায় পরমর্শক নিয়োগের ক্ষেত্রে প্রকিউরমেন্টের পদ্ধতি হিসেবে সীমিত দরপত্র পদ্ধতি ব্যবহারের পটভূমি এবং টাইপ হিসেবে QCBS অনুসরণ করার বিষয়টি পুনর্গঠিত প্রকল্প ছকে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে;

৪.৬ প্রকল্প ছকের ১৬নং পৃষ্ঠায় বর্ণিত ক্রয় পরিকল্পনায় (Goods + Service) উল্লিখিত তারিখসমূহ বাস্তবতার নিরিখে পুনঃনির্ধারণ করতে হবে;

৪.৭ প্রকল্প ছকে ২ ও ৩ নং পৃষ্ঠায় MDG এবং PRSP এর পরিবর্তে ৭ম পঞ্চ বার্ষিক পরিল্পনার বিদ্যুৎ সেক্টরের মধ্যে পিজিসিবি'র লক্ষ্যমাত্রা উল্লেখ করতে হবে।

৪.৮ প্রকল্প ছকের ২নং পৃষ্ঠায় রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রতিটি ইউনিটের উৎপাদন ক্ষমতা দু'রকম উল্লেখ করাসহ অন্যান্য ছোট-খাটো ভুল সংশোধনপূর্বক পুনর্গঠিত ফিজিবিলিটি স্টাডি প্রকল্প ছক প্রণয়ন করতে হবে; এবং

৪.৯ প্রকল্পের ছকের ২ নং পৃষ্ঠা প্রকল্পের নাম **"পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র জাতীয় গ্রীডে সংযুক্তির লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষা ফিজিবিলিটি স্টাডি"** এবং মেয়াদকাল বাস্তবতার আলোকে **অক্টোবর ২০১৫ থেকে ডিসেম্বর ২০১৬** নির্ধারণকরতঃ পুনর্গঠিত প্রকল্প ছক প্রণয়ন করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(আহমদ হোসেন খান) ২৬/১১/১৬
ভারপ্রাপ্ত সদস্য
শিল্প ও শক্তি বিভাগ
পরিকল্পনা কমিশন

২। উপস্থাপনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং প্রকল্পটি উপস্থাপনের জন্য পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের প্রধানকে আহবান জানান। পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের প্রধান প্রকল্পের পটভূমিকায় উল্লেখ করেন যে, রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র হতে উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সরবরাহের জন্য বিদ্যুৎ লাইন নির্মাণের নিমিত্ত বিভিন্ন ধরণের Study (Stability Study, EMTP Study, Frequency Study, Reactive Power Balance Study, etc.) করার প্রয়োজন হবে। এ বিষয়টি বিবেচনায় নিয়ে আলোচ্য সমীক্ষা প্রকল্পটি ১০২৪.৮০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় সম্বলিত অক্টোবর, ২০১৫ হতে সেপ্টেম্বর, ২০১৬ পর্যন্ত সময়ে বাস্তবায়নের জন্য প্রস্তাব করা হয়েছে। প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের মধ্যে জিওবি ৯৪৬.১৬ লক্ষ টাকা এবং সংস্থার নিজস্ব ৭৮.৬৪ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। প্রকল্পটি ২০১৫-১৬ এর এডিপি'তে অন্তর্ভুক্ত নেই বিধায় এটির প্রক্রিয়াকরণের নিমিত্ত মাননীয় পরিকল্পনা মন্ত্রীর অনুমোদন নেয়া হয়েছে।

৩। আলোচনাঃ

৩.১ পরিকল্পনা কমিশনের প্রতিনিধি সভায় উল্লেখ করেন যে, রূপপুরে পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য যে ফিজিবিলিটি স্টাডি করা হয়েছে এর পাশাপশি একই সাথে যদি পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র হতে উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সংযোজনের ফিজিবিলিটি ষ্টাডিও সম্পন্ন করা হতো তবে বিষয়টি আরো কার্যকরী হতো বলে প্রতীয়মান হয়। এ প্রসঙ্গে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ফিজিবিলিটি স্টাডির মাধ্যমে উক্ত পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের সম্ভাব্যতা যাচাই এবং কারিগরী ও নিরাপত্তার বিষয়ে বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে। পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের বাস্তবায়নকারী সংস্থাও ভিন্ন। অপর দিকে পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ জাতীয় গ্রীডে প্রদানের বিষয়টি পিজিসিবি'র নিকট নূতন। এ বিষয়েও যথেষ্ট সতর্কতা অবলম্বনের প্রয়োজন। তাই রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র হতে উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সরবরাহের পূর্বে ট্রান্সমিশন ব্যবস্থার পরীক্ষা ও উন্নয়নে একটি বিস্তারিত এবং ব্যাপক Study আবশ্যক। যেহেতু জাতীয় গ্রীডের ওপর সমগ্র পাওয়ার সিস্টেম নির্ভরশীল সেহেতু জাতীয় গ্রীডে সংযোজনের ফিজিবিলিটি স্টাডি পৃথক করা সমীচীন।

৩.২ সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্প ছকের ২নং পৃষ্ঠায় রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রতিটি ইউনিটের উৎপাদন ক্ষমতা দু'রকম উল্লেখ করা হয়েছে যা সংশোধন করা প্রয়োজন। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের পক্ষ থেকে সভায় জানানো হয় যে, বিষয়টি পুনর্গঠিত ডিপিপি'তে সংশোধন করা হবে।

৩.৩ সভায় উল্লেখ করা হয় যে, আলোচ্য প্রকল্পটি সমীক্ষাধর্মী বিধায় পরামর্শক এর কাজের পরিধি ব্যাপক। প্রকল্প ছকে প্রস্তাবিত জনবল কমানো যেতে পারে। প্রয়োজনবোধে পিজিসিবি এর জনবলকে অতিঃদায়িত্ব প্রদানের মাধ্যমে এ প্রকল্পটি বাস্তবায়ন করা যেতে পারে। সে মোতাবেক ৪৫০০, ৪৭০০ খাতের ব্যয় হ্রাস করা যেতে পারে। সে সাথে ৪৭০০ খাতের সমুদয় ব্যয় পিজিসিবি'র খাতে অন্তর্ভুক্ত করা সমীচীন। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, আলোচ্য প্রকল্পটি সমীক্ষাধর্মী বিধায় পরামর্শক এর কাজের পরিধি ব্যাপক। প্রকল্পের কার্য পরিধির তুলনায় জনবল খুবই কম রাখা হয়েছে। এতদসত্ত্বেও সভার সিদ্ধান্ত মোতাবেক পিজিসিবি'র জনবলকে অতিঃদায়িত্ব প্রদানের বিষয়টি নিশ্চিত করা হলে সে মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতঃ প্রকল্পটি পুনর্গঠন করা যেতে পারে। পরিকল্পনা কমিশনের পক্ষ হতে সভায় জানানো হয় যে, ৪৭০০ কোডের আওতায় Consultant এর Per Diem Allowance বাবদ জিওবি খাতে ২২৮.৬৪ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে তা পরামর্শক খাতের ব্যয় প্রাক্কলনের সাথে একীভূত করা যেতে পারে। পিজিসিবি খাতে পিজিসিবি'র কর্মকর্তাদের জন্য DA এবং TA বাবদ ১.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে যা ৪৭০০ কোডে পিজিসিবি'র খাতে রাখা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত জনবল খাতের ব্যয় হ্রাস করার নিমিত্ত যতটুকু সম্ভব অতিঃদায়িত্ব প্রদানের মাধ্যমে প্রকল্প ছক পুনর্গঠন করার এবং পরামর্শক খাতের Per Diem Allowance 4884 কোডে পরামর্শকের ব্যয়েরসাথে একীভূত করার এবং পিজিসিবি'র কর্মকর্তাদের DA/TA বাবদ নির্ধারিত ১.০০ লক্ষ টাকা ৪৭০০ কোডে পিজিসিবি'র খাতে প্রতিফলন করার বিষয়ে সভায় ঐকমত্য প্রতিষ্ঠিত হয়।